# ALL INDIA RADIO
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 10.10.2023 Time:7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) একশো দিনের কাজ ও আবাস যোজনায় রাজ্যের প্রাপ্য নিয়ে কেন্দ্রের সঙ্গে আলোচনার ব্যাপারে রাজ্যপালের প্রতিশ্রুতি মেলার পর তৃণমূল কংগ্রেস রাজভবনের সামনে থেকে তাদের ধর্ণা প্রত্যাহার করে নিয়েছে।

এই আন্দোলনকে কটাক্ষ করেছেন বিরোধীরা।

২) কেন্দ্রীয় প্রকল্পে প্রাপ্য টাকা আটকে দেওয়ায় বৈধ উপভোক্তারা কেন সাহায্য পাবেন না, তা নিয়ে প্রশ্ন তুলেছে হাইকোর্ট।

৩) বকেয়া মহার্ঘ্যভাতা সহ একগুচ্ছ দাবিতে সংগ্রামী যৌথ মঞ্চ আজ ও আগামীকাল ফের কর্মবিরতির ডাক দিয়েছে।

৪) রাজ্যে ডেঙ্গু-ম্যালেরিয়া পরিস্থিতি পর্যালোচনায় পুর ও নগরোন্নয়ন মন্ত্রী আজ ১২৮-টি পুরসভার সঙ্গে আলোচনায় বসবেন।

৫) ভারতীয় ডাক বিভাগের মাধ্যমে ক্ষুদ্র ব্যবসায়ীরা এখন থেকে তাদের পণ্য রপ্তানি করতে পারবেন।

---

রাজ্যপাল সিভি আনন্দ বোস, একশো দিনের কাজ ও আবাস যোজনায় রাজ্যের প্রাপ্য নিয়ে কেন্দ্রের সঙ্গে আলোচনার প্রতিশ্রুতি দেওয়ায় তৃণমূল কংগ্রেস, রাজভবনের

সামনে থেকে তাদের ধরনা প্রত্যাহার করে নিয়েছে। গতকাল রাজ্যপালের সঙ্গে বৈঠকের পর দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আনুষ্ঠানিক ভাবে এই ধরনা প্রত্যাহারের কথা ঘোষনা করেন। তিনি বলেন, রাজ্যপাল সৌজন্য দেখিয়েছেন। তাই তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জির পরামর্শে পাল্টা সৌজন্য দেখিয়ে ধর্না তুলে নেওয়া হচ্ছে। তবে প্রাপ্য না পেলে আগামীতে আরো বৃহত্তর আন্দোলন গড়ে তোলা হবে বলে তিনি হুঁশিয়ারি দেন। এই লড়াই বাংলার মানুষের লড়াই বলেও তিনি উল্লেখ করেছেন।

Byte of Abhishek

এর আগে, কেন্দ্রীয় প্রকল্পে বকেয়ার দাবিতে দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে তৃণমূল কংগ্রেসের এক প্রতিনিধি দল বিকেলে কলকাতা রাজভবনে রাজ্যপাল সিভি আনন্দ বোসের সঙ্গে দেখা করে। রাজভবনের তরফে এক বিবৃতি দিয়ে জানানো হয়েছে, রাজ্যপাল প্রতিনিধিদের কথা ধৈর্য ধরে শুনেছেন। বিষয়টি কেন্দ্রীয় সরকারের দৃষ্টি গোচর করা হবে। রাজ্যের মানুষের কল্যাণে যা প্রয়োজন রাজ্যপাল তা সবই করবেন।

এই বৈঠকের পরই রাজ্যপাল দিল্লীর উদ্দেশে রওনা হয়ে যান।

-----------------------------

রাজ্যপালের সঙ্গে দেখা করার জন্য শাসকদলের এ ধরনের নাটক করার কোন প্রয়োজন ছিল না বলে বিজেপি দাবি করেছে।

কলকাতায় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, রাজ্য সরকারই দাবী করত তারা সব টাকা দেয় এবং কেন্দ্রের টাকার কোন প্রয়োজন নেই। তবে আজ কেন এই আন্দোলন, সে বিষয়ে তিনি প্রশ্ন তোলেন।

(বাইট- সুকান্ত)

এদিকে, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের এই আন্দোলন, গরীব মানুষের টাকা পাওয়ার আন্দোলন নয়, এ  এক রাজনৈতিক দেখনদারি বলে সিপিআইএমের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী মন্তব্য করেছেন।

(বাইট – সুজন)

-----------------------------

কেন্দ্রীয় প্রকল্পে প্রাপ্য টাকা আটকে দেওয়ায় ১০০ দিনের কাজে যারা বৈধভাবে কাজ করেছেন তারা কেন টাকা পাবেন না সে ব্যাপারে কলকাতা হাইকোর্ট প্রশ্ন তুলেছে।  ভুয়ো জব কার্ডের অভিযোগের প্রেক্ষিতে প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ জানিয়েছে, পচা আপেলের মধ্যে থেকে ভালো আপেল খুঁজে বার করতে হবে।

উল্লেখ্য, ১০০ দিনের কাজে কেন্দ্র টাকা আটকে রাখায় হাইকোর্টে জনস্বার্থ মামলা করে পশ্চিমবঙ্গ ক্ষেত মজদুর সমিতি। তাদের পক্ষে আইনজীবী বিকাশ রঞ্জন ভট্টাচার্য অভিযোগ করেন, কেন্দ্রীয় সরকার টাকা না দেওয়ায় যারা কাজ করেছেন, তাঁরাও টাকা পাচ্ছেন না। ভুয়ো জব কার্ড খুঁজে বার করতে হবে সরকারকে। কিন্তু আসল জব কার্ড যাঁদের আছে, তাঁরা কেন ভুক্তভোগী হবেন সেই প্রশ্ন তোলেন তিনি। রাজ্য সরকারের তরফে আদালতে জানানো হয়, গত মার্চে আদালত বলার পরেও কেন্দ্র টাকা দিচ্ছে না। এই টাকা সরাসরি উপভোক্তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে যায়।

এ ব্যাপারে রাজ্য ও কেন্দ্রীয় সরকারকে সমস্যা সমাধানে পরামর্শ দিয়েছে ডিভিশন বেঞ্চ। প্রধান বিচারপতির পর্যবেক্ষণ, দশভাগের মধ্যে একভাগ লোক কাজ করলে তারা কেন টাকা পাবে না? কারা আসল আর কারা নকল জবকার্ড হোল্ডার তাদের খুঁজে বার করতে হবে। আজ ফের এই মামলার শুনানি হবে।

-----------------------------

সুপ্রীম কোর্ট, বগটুই কাণ্ডে জড়িত লালন শেখের রহস্যমৃত্যুর তদন্তে রাজ্য সরকার, রাজ্য পুলিশ এবং সিবিআইকে নোটিস জারি করেছে । গতকাল মামলার শুনানিতে সিবিআই এক্ষেত্রে অভিযুক্ত হওয়ায় কী করে তারা এই মামলার তদন্ত করবে শীর্ষ আদালত তা নিয়ে প্রশ্ন তোলে। মামলার তদন্তভার অন্য কোনও রাজ্যের উচ্চপদস্থ আধিকারিকের নেতৃত্বাধীন দলকে দেওয়া যেতে পারে বলে আদালত ইঙ্গিত দিয়েছে। মৃত্যুর কারণ যাই হোক সিবিআই এই ঘটনার তদন্ত করতে পারে না বলেই পর্যবেক্ষণ শীর্ষ আদালতের।

মামলার পরবর্তী শুনানি আগামী ৩০ অক্টোবর।

-----------------------------

বকেয়া মহার্ঘ্যভাতা এবং স্বচ্ছ ও স্থায়ী নিয়োগ সহ বিভিন্ন দাবিতে সরকারি কর্মচারীদের যৌথ সংগঠন সংগ্রামী যৌথ মঞ্চ আজ ফের কর্মবিরতির ডাক দিয়েছে। আগামীকালও রাজ্যেরসর সরকারি ও আধা সরকারি দপ্তরে এই কর্মবিরতি পালন করা হবে বলে সংগঠনের তরফে জানানো হয়েছে। গত ২৫ শে সেপ্টেম্বর সদস্যরা তাদের দাবি নিয়ে রাজ্যপাল সি ভি আনন্দ বোসের দ্বারস্থ হয়েছিলেন। লিখিত আকারে সেই দাবি রাজ্যপালের কাছে জমা দেওয়া হয়েছে।

উল্লেখ্য, এবছরের গোড়া থেকে বকেয়া মহার্ঘ্য ভাতার দাবিতে দফায় দফায় প্রশাসনিক ধর্মঘটে সামিল হন মঞ্চের সদস্যরা।

-----------------------------

উত্তরবঙ্গের তরাই - ডুয়ার্সের বাগিচা শ্রমিকদের পুজোয় ২০ শতাংশ হারে বোনাস দেওয়ার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে আজ আবার দ্বিপাক্ষিক বৈঠক বসছে। কলকাতায় বেঙ্গল চেম্বার্স-এ ওই বৈঠকে মালিক পক্ষ Consultative committee of Planters Association CCPA এবং শ্রমিক সংগঠনগুলির যৌথ মঞ্চের প্রতিনিধিরা অংশ নেবেন।

গত ৫ ও ৬ অক্টোবর কলকাতায় দ্বিপাক্ষিক বৈঠকে মালিক পক্ষ ২০ শতাংশ বোনাস দিতে অস্বীকার করে। তাঁরা সাড়ে ৮ শতাংশ থেকে ১৫ শতাংশ বোনাসের কথা বলায় শ্রমিক সংগঠন AICCTU, CITU, UTUC ও AIUTUC সহ যৌথ মঞ্চের অন্যান্য সংগঠনের প্রতিনিধিরা বৈঠক ছেড়ে বেরিয়ে যায়।

শ্রমিক সংগঠন গুলির পক্ষে AICCTU এর রাজ্য সাধারণ সম্পাদক বাসুদেব বসু বলেন, ২০ শতাংশ বোনাস দেওয়ার দাবি থেকে কোনো ভাবেই সরে আসা হবে না।

এদিকে, চা শ্রমিকদের এই দাবিতে গতকাল তরাই - ডুয়ার্সের বাগানে মিছিল ও গেট সভা হয়।

-----------------------------

ডেঙ্গু ম্যালেরিয়ার মত মশাবাহিত রোগ সম্পূর্ণ নিয়ন্ত্রণ করতে রাজ্য সরকার, বছরভর অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে। পুজোর পর এনিয়ে বিস্তারিত গাইড লাইন প্রকাশ করা হবে বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে। রাজ্যে ডেঙ্গু - ম্যালেরিয়া পরিস্থিতি

পর্যালোচনায় রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী  ফিরহাদ হাকিম আজ ১২৮টি পুরসভার সঙ্গে আলোচনায় বসবেন। আগামীকাল রাজ্যের মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদী ফের রাজ্যের সব দফতর ও জেলা কর্তাদের সঙ্গে এ ব্যাপারে কথা বলবেন।

উল্লেখ্য, অসমর্থিত সূত্র অনুযায়ী, রাজ্যে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা প্রায় ৪০ হাজার। মৃতের সংখ্যা ইতিমধ্যেই ৫০ ছাড়িয়েছে। আগেই জানা গেছে,  রাজ্যের বিভিন্ন জেলার ৬৮টি জায়গা থেকেই সংক্রমণ সবথেকে বেশি হচ্ছে। ৯০ শতাংশ ডেঙ্গু রোগীদের সন্ধান এইসব এলাকা থেকে মি্লেছে।

-----------------------------

মুর্শিদাবাদের সুতির দফাহাট গ্রামের ডেঙ্গু আক্রান্ত এক প্রোঢ় গৃহবধূর গত রাতে জঙ্গীপুর সুপার স্পেশালিটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয়েছে। হাসপাতাল সুত্রে জানা গেছে তিনদিন আগে বছর ৫০ এর আরতি সাহা নামের ওই বধুর ডেঙ্গু ধরা পড়ে। তাকে সুতির মহেশাইল হাসপাতালে ভর্তী করানো হলে, রাতেই সেখান থেকে জঙ্গীপুর সুপার স্পেশালিটি হাসপাতালে স্থানান্তর করা হয়। গত রাতে সেখানেই মারা যান তিনি। এদিকে গোটা মুর্শিদাবাদে ডেঙ্গু সংক্রমণ লাগাম ছাড়িয়েছে, চলতি বছরে মুর্শিদাবাদে ৬ হাজারের বেশি মানুষ সংক্রমিত হয়েছেন, আক্রান্তের সংখ্যা সুতিতেই সব থেকে বেশি।

-----------------------------

ক্ষুদ্র ব্যবসায়ীরা এখন থেকে তাদের পণ্য ভারতীয় ডাক বিভাগের মাধ্যমে রপ্তানি করতে পারবেন। কলকাতায় গতকাল আন্তর্জাতিক ডাক দিবস এবং জাতীয় ডাক সপ্তাহ পালন উপলক্ষে এক সাংবাদিক বৈঠকে পোস্টমাস্টার জেনারেল অনিল কুমার একথা জানিয়ে বলেন, ব্যবসায়ীদের প্রথমে তাদের পণ্য নিয়ে অনলাইনে বিজ্ঞাপন করে প্রচার

করতে হবে। এরপর সেই পণ্য রপ্তানির জন্য গ্রাহকের কাছে ডাক বিভাগের মাধ্যমে তারা পাঠাতে পারবেন। বেসরকারি কুরিয়ার সার্ভিসের তুলনায় এই পরিষেবায় অনেক কম খরচে এবং সহজে রপ্তানি করা যাবে। শ্রী কুমার জানান, ডাক বিভাগের ডাক নিরিয়াৎ কেন্দ্রের মাধ্যমে এই রপ্তানি হবে। সারাদেশে ইতিমধ্যে ৭০০টি ও রাজ্যে ৩০টি ডাক নিরিয়াৎ কেন্দ্র চালু হয়েছে। চলতি বছরের শেষে সারাদেশে এই সংখ্যা ১হাজার এবং রাজ্যে ৫০টি কেন্দ্রে পরিণত করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

(বাইট)

অন্যদিকে ডাকবিভাগের মাধ্যমে এখন গ্রাহকরা দেশের বিভিন্ন বিখ্যাত মন্দিরের প্রসাদ অনলাইনে কিনতে পারবেন। এরাজ্যে তারাপীঠ ও কালীঘাট মন্দিরের প্রসাদ অনলাইনে গ্রাহকদের কাছে পৌঁছে দেওয়া হচ্ছে। শীঘ্রই তারকেশ্বর মন্দিরের প্রসাদ পৌঁছে দেওয়ার পরিষেবা চালু করা হবে। ইন্ডিয়া পোস্ট ডট গভ ডট ইন-এ ক্লিক করে গ্রাহকরা এই সুবিধা পাবেন।

-----------------------------

অতিরিক্ত বৃষ্টি এবং জলাধারগুলি থেকে ছাড়া জলের প্রভাবে পশ্চিম মেদিনীপুরের সবংয়ের বিভিন্ন এলাকা জলমগ্ন হয়েছে। বিষ্ণুপুর, ভেমুয়া, মোহাড় সহ ১৩টি গ্রাম পঞ্চায়েত এলাকা সম্পূর্ণ জলের তলায়। কোনোরকম বিপত্তি এড়াতে এলাকাগুলিতে গত কয়েক দিন ধরেই বিদ্যুৎ সংযোগ বন্ধ রাখা হয়েছে। প্রায় সাতশোর অধিক পরিবার বিদ্যুৎ বিচ্ছিন্ন অবস্থায় রয়েছে। আবহাওয়ার উন্নতি হলেও, জমা জল না কমায় চিন্তিত গ্রামবাসী।

ব্লক প্রশাসন সূত্রে জানা গিয়েছে, এখনো প্রায় ৩০,০০০ মানুষ বন্যা কবলিত। ১হাজার ৪৪৭টি ত্রান শিবির খোলা হয়েছে। ৯০০০ কাঁচাবাড়ি, ৯৩৬০ হেক্টর ধান এবং পান চাষের জমি, ৩০০ হেক্টর মৎস চাষ নষ্ট হয়েছে। গ্রামীন সড়কগুলি জলমগ্ন থাকায় মূল সড়কের সঙ্গে প্রত্যন্ত অঞ্চলের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে।

উল্লেখ্য, প্রায় ১০ বছর পর সবং এ ধরনের বন্যার সম্মুখীন হলো।

-----------------------------

ঘাটাল পুর এলাকাতেও জমে রয়েছে জল। মনসুকা দু নম্বর গ্রাম পঞ্চায়েতের বনহরিসিংপুর গ্রামে গতকাল জমা জলে ডুবে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। গঙ্গারাম বায়েন নামে এক ব্যক্তি দুপুরে ভেলা তৈরি করবেন বলে বাঁশ কাটতে গিয়েছিলেন। সন্ধ্যার মুখও তাঁর দেহ উদ্ধার করা হয়। জল জমে থাকায় সৎকারের জন্য স্পীড বোটে করে এনডিআরএফ কর্মীরা দেহ শ্মশানে নিয়ে যান।

-----------------------------

সন্তোষ ট্রফি ফুটবলে বাংলা জয় দিয়ে অভিযান শুরু করেছে। পাঞ্জাবের বঙ্গার মেহঙা সিং স্টেডিয়ামে গ্রুপ লিগের প্রথম ম্যাচে তারা ২-০ গোলে হারালো ওড়িশাকে। 14 মিনিটে বিজয় মূর্মুর গোলে এগিয়ে যায় বাংলা। দ্বিতীয়ার্ধে 48 মিনিটে পেনাল্টি থেকে ব্যবধান বাড়ান জিতেন মুর্মু। আগামীকাল বাংলার পরের ম্যাচ দিল্লির বিরুদ্ধে খেলবে।

----------------------------- -----------------------------